| ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

MRahman
০৮/০৫/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা
নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.১৬.০০৫৯.২৩.১১০

বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে এপ্রিল ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার ২৭/৪/২০২৫ তারিখের ১৫.০০.০০০০.০১৫.০৬.০৩৩.২৫.৯৯ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৩ এপ্রিল ২০২৫ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১৫ মে ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিকস্ ফন্টে সফটকপি ও হার্ডকপি ই-মেইলে bbetar80@gmail.com এ প্রেরণের জন্য পত্রের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণীর অনুলিপি।

০৮-০৫-২০২৫
সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা (সদয় অবগতিকল্পে)
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরী কার্য বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (প্রকল্পের ই-জিপি সংক্রান্ত তথ্য প্রেরনের অনুরোধসহ)
৩। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইট হালনাগাদ করণের তথ্যাদি প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ই-জিপি সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৫। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অডিট সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৬। জনাব রোকসানা রহমান, উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, লিয়াজোঁ শাখা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (এপিএ সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৭। জনাব মোঃ আবু হানিফ, সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মামলা সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৮। জনাব মোঃ রুবাইয়াত হোসেন, সহকারী বেতার প্রকৌশলী ও ডি-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সংরক্ষণ অনুবিভাগ সদর দপ্তর, ঢাকা (ডি-নথি সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৯। প্রশাসনিক অফিসার, সংস্থাপন-১/সংস্থাপন-২/ হিসাব রক্ষণ অফিসার/, হিসাব শাখা/আইন/যানবাহন শাখা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা ( তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পেন্ডিং বিষয়াদির তালিকা প্রেরণের অনুরোধসহ)
৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০১৫.০৬.০৩৩.২৫.৯৯

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩২
২৭ এপ্রিল ২০২৫

**বিষয়: এপ্রিল/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৩ এপ্রিল ২০২৫ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি (হার্ডকপি ও সফটকপি) আগামী ১৮ মে ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: কার্যবিবরণী ০৫ (পাঁচ) পাতা।

২৭/৪/২৫


সালমা হাসনায়েন
উপসচিব
ফোন: ০২২২৩৩৮০৭৮৭
ই-মেইল: admin2@moi.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা
৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা
৬. যুগ্মসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা
৮. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা
৯. সচিব, তথ্য কমিশন বাংলাদেশ, ঢাকা
১০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা
১৪. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা
১৫. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা
১৬. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা
১৭. সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা
১৮. অধিশাখা/শাখা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
২০. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

**বিষয়: এপ্রিল-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাহবুবা ফারজানা<br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৩ এপ্রিল ২০২৫, সকাল ১০:৩০ টা |
| সভার স্থান | : | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত |

সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **মার্চ-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**<br><br>মার্চ-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোনো সংশোধনী প্রস্তাব নেই মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন। | কোনো সংশোধন না থাকায় মার্চ-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | সকল কর্মকর্তা |
| ২. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ই-জিপি বাস্তবায়ন অগ্রগতি:**<br><br>উপসচিব (বাজেট-১) জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সংশোধিত পরিচালন বাজেটে ২০০টি ই-জিপি ও ২৭০টি ম্যানুয়াল টেন্ডারসহ মোট ৪৭০টি ক্রয় পরিকল্পনা করা হয়। প্রাক্কলিত ব্যয় মোট ১২৫,৫১,৭৪,০০০/- টাকা। ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৫) পর্যন্ত ৬১টি ই-জিপি ও ১২১টি ম্যানুয়াল ক্রয়সহ মোট ১৮২টি ক্রয় বাস্তবায়িত হয়েছে (৩৯%)। ব্যয়িত অর্থের পরিমাণ ১৪,০৫,২৯,০০০/- টাকা।<br><br>সভাপতি বলেন যে, পরিকল্পিত ক্রয়সমূহ যাতে জুনের প্রথম সপ্তাহের মধ্যে সম্পন্ন করা যায়, সেজন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। ডিএফপি, বিটিভি, বেতারসহ যেসব দপ্তর/সংস্থা ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে পিছিয়ে আছে সেকল দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট অতিরিক্ত সচিবের সাথে আলোচনার মাধ্যমে সমস্যা চিহ্নিত করে তা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ই-জিপির সংখ্যা বৃদ্ধি এবং নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনার বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। উপসচিব (প্রশাসন-১)<br>৩। উপসচিব (বাজেট-১) |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অডিট আপত্তি সংক্রান্ত:**<br><br>সহকারী সচিব (প্রশাসন-৩) জানান যে, অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত প্রতি মাসে অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে মাসিক অডিট পর্যালোচনা সভার আয়োজন করা হয়। সর্বশেষ ২২ এপ্রিল সভাটি অনুষ্ঠিত হয়েছে।<br><br>তিনি আরও জানান যে, মার্চ/২০২৫ মাসের শুরুতে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে পুঞ্জীভূত অডিট আপত্তির সংখ্যা ছিল ৩১৩টি, যার আর্থিক সংশ্লেষ ৪৬৩,৩৫,৯৮,০০০/- টাকা। উক্ত মাসে নতুন ১৫২টি আপত্তি উত্থাপিত হয়েছে, যার আর্থিক সংশ্লেষ ৪১১,১২,৬৫,০০০/- টাকা। এছাড়া ০৫টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। বর্তমানে মোট ৪৬০টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে, যাতে জড়িত অর্থের পরিমাণ ৮৭৪,৩৮,৮১,০০০/- টাকা।<br><br>পিআইডি'র প্রধান তথ্য অফিসার বলেন যে, দপ্তর/সংস্থার বেশিরভাগ অডিট আপত্তি প্রকল্প সংক্রান্ত। কিন্তু মন্ত্রণালয়ের অডিট বিষয়ক সভায় প্রকল্প পরিচালকগণ থাকেন না। এ বিষয়ে নজর দেয়া প্রয়োজন।<br><br>সভাপতি এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ করেন। এছাড়া একই ধরণের আপত্তি বারবার কেন উত্থাপিত হচ্ছে তা বিশ্লেষণ করে ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করেন। | **দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহবানের মাধ্যমে বিদ্যমান আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।** | ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। মহাপরিচালক, অডিট অধিদপ্তর<br>৪। সহকারী সচিব (প্রশাসন-৩) |
| ৪. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলা:**<br><br>সহকারী সচিব (আইন) জানান যে, মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার উচ্চ আদালতে বিচারাধীন ৫৩৪টি মামলার মধ্যে ২০ মার্চ ২০২৫ তারিখ পর্যন্ত ৪০১টি মামলা স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। এ কার্যক্রম চলমান রয়েছে। দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী, মার্চ/২০২৫ মাসে ০২টি নতুন রিট মামলা দায়ের হয়েছে এবং ০২টি রিট মামলা সরকার পক্ষে নিষ্পত্তি হয়েছে। মার্চ ২০২৫ মাসে বিচারাধীন মোট মামলার সংখ্যা ৭৩০টি।<br><br>তিনি আরও জানান যে, কিছু মামলা এন্ট্রিতে ডুপ্লিকেশন থাকার কারণে এবং নিষ্পত্তিকৃত কিছু মামলা তালিকায় অন্তর্ভুক্ত থাকার কারণে বাদ দেয়া হয়েছে। যার ফলে মামলার সংখ্যা কমে এসেছে।<br><br>সভাপতি মামলা পরিচালনার অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | **চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। আইন কর্মকর্তা |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল:**<br><br>সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাগণ জানান যে, এপিএ ও শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এখনও কোনো নির্দেশনা পাওয়া যায়নি। নির্দেশনা পেলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | এপিএ ও শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪)<br>৩। সহকারী সচিব (বাজেট-২) |
| ৬. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় শূন্য পদ পূরণ:**<br><br>উপসচিব (প্রশাসন-১) জানান যে, মন্ত্রণালয়ের ৩য় শ্রেণির ১১টি ও ৪র্থ শ্রেণির ০৯টিসহ মোট ২০টি পদে সরাসরি নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। ০৩টি ক্যাটাগরির পদে মোট ৭৫৪৪ জন আবেদন করেছেন। ২৫ এপ্রিল ২০২৫ তারিখে লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | ক) মন্ত্রণালয়ের শূন্য পদসমূহে নিয়োগের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| | পিআইডি'র প্রধান তথ্য অফিসার জানান যে, ১১-২০তম গ্রেডের ০৮ ক্যাটাগরির ৪৫টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ইতোমধ্যে ০৪ ক্যাটাগরির পদে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। নিয়োগের জটিলতা নিরসনে ২০ এপ্রিল ২০২৫ তারিখে অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে তথ্য অধিদফতরের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>সভাপতি বলেন যে, পিআইডি'র নিয়োগের জটিলতার বিষয়ে অতিরিক্ত সচিবের সাথে আলোচনা করে মাননীয় উপদেষ্টাকে অবহিত করতে হবে। এরপর তাঁর নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | খ) পিআইডি'র নিয়োগের জটিলতার বিষয়ে অতিরিক্ত সচিবের সাথে আলোচনা করে মাননীয় উপদেষ্টাকে অবহিত করতে হবে। এরপর তাঁর নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব<br>২। প্রধান তথ্য অফিসার, পিআইডি<br>৩। উপসচিব (তগ-১) |
| | সভায় উপস্থিত অন্যান্য দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ স্ব স্ব প্রতিষ্ঠানের নিয়োগ কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি সভাকে অবহিত করেন। সভাপতি সংশ্লিষ্ট অতিরিক্ত সচিবের সাথে আলোচনার মাধ্যমে বিধি অনুযায়ী বিদ্যমান সমস্যাসমূহ সমাধান করে দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | গ) দপ্তর/সংস্থাসমূহ বিধি অনুযায়ী বিদ্যমান সমস্যাসমূহ সমাধান করে নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৭. | **ডি-নথির ব্যবহার এবং সেবা পদ্ধতি সহজিকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন ও তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ:**<br><br>সিস্টেম এনালিস্ট জানান যে, মার্চ/২০২৫ মাসে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে হার্ড ফাইলে নোট নিষ্পন্নের মোট সংখ্যা ৬০টি ও ডি-ফাইলে নোট নিষ্পন্নের মোট সংখ্যা ৯৫টি। আলোচ্য মাসে ডি-নথির মাধ্যমে ৬১% নোট নিষ্পত্তি করা হয়েছে। দপ্তর/সংস্থার মধ্যে তথ্য কমিশন ডি-নথি ব্যবহারে পিছিয়ে আছে। উক্ত মাসে তথ্য কমিশনের মাত্র ৩০% নথি ডি-নথিতে নিষ্পত্তি করা হয়েছে। | ক) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ডি-নথির ব্যবহার ১০০% উন্নীত করার বিষয়ে সকলকে আরও উদ্যোগী হতে হবে।<br><br>খ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। অধিশাখা/শাখা প্রধান (সকল)<br>৪। সিস্টেম অ্যানালিস্ট |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | তিনি আরও জানান যে, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে। আলোচ্য মাসে বিভিন্ন তথ্য, প্রতিবেদন ও বিজ্ঞপ্তির পাশাপাশি ৩৮টি জি.ও. মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের ওয়েবসাইট সর্বশেষ ০৯ এপ্রিল ২০২৫ তারিখে হালনাগাদ করা হয়েছে, যা হালনাগাদ করা প্রয়োজন।<br><br>সভাপতি তথ্য কমিশন ও বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডসহ সকলকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | | |
| ৮. | **GRS সিস্টেমে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি:**<br><br>উপসচিব (প্রশাসন-১) জানান যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রতি মাসে সমন্বিত আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রতি মাসে সমন্বিত আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| ৯. | **শাখা/অধিশাখা পরিদর্শন/ব্যবস্থাপনা:**<br><br>উপসচিব (প্রশাসন-১) জানান যে, আলোচ্য মাসে প্রশাসন-১ শাখা থেকে শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে।<br><br>সভাপতি বলেন যে, মন্ত্রণালয়ের শাখাসমূহ যথাযথভাবে পরিদর্শন করা হচ্ছে না। এ বিষয়ে যুগ্মসচিব ও উপসচিবগণকে আরও আন্তরিক হওয়া প্রয়োজন। এছাড়া, দপ্তর/সংস্থার প্রধানগণও প্রতি মাসে অন্তত ০১টি শাখা পরিদর্শন করবেন। | প্রত্যেক শাখা/অধিশাখা প্রধান কর্তৃক সচিবালয় নির্দেশমালা অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন সচিব বরাবর দাখিল করবেন। দপ্তর/সংস্থার প্রধানগণও সচিবালয় নির্দেশমালার বিধান অনুযায়ী নির্ধারিত সময় অন্তর অফিস পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করবেন। | ১। শাখা/অধিশাখা প্রধান (সকল)<br>২। উপসচিব (প্রশাসন-১)<br>৩। দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ১০. | **অনিষ্পন্ন বিষয়ের তালিকা পর্যালোচনা:**<br><br>উপসচিব (প্রশাসন-২) সভায় অনিষ্পন্ন বিষয়ের তালিকা উপস্থাপন করেন। তালিকা পর্যালোচনান্তে দেখা যায়, তগ-২ শাখার ০২টি ডাক অনিষ্পন্ন রয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে মর্মে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা জানান। | প্রত্যেক মাসের ২০ তারিখের পূর্বে নির্ধারিত ছক মোতাবেক অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রশাসন-২ শাখায় দাখিল করতে হবে। | ১। উইং প্রধান (সকল)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। শাখা/অধিশাখা প্রধান (সকল) |
| ১১. | **বিবিধ:**<br><br>ক) উপসচিব (প্রশাসন-১) জানান যে, আলোচ্য মাসে মন্ত্রণালয়ের কোনো শাখা হতে বিনষ্টযোগ্য নথির তালিকা পাওয়া যায়নি। তালিকা পাওয়ার পর কমিটি গঠনপূর্বক নথি বিনষ্টের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) প্রত্যেক শাখা তাদের নথিসমূহ শ্রেণিবিন্যাস করে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রশাসন-১ শাখায় জমা প্রদান করবেন। প্রশাসন-১ শাখা কমিটি গঠন করে নথি বিনষ্টের ব্যবস্থা কার্যক্রম গ্রহণ করবেন। | শাখা/অধিশাখা প্রধান (সকল) |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | খ) সভাপতি বলেন যে, বর্তমানে তথ্য ক্যাডারের কর্মকর্তাদের জন্য কোনো প্রশিক্ষণ একাডেমি নেই। একটি প্রশিক্ষণ একাডেমি স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে। তথ্য ক্যাডার অ্যাসোসিয়েশন এর সভাপতি/সাধারণ সম্পাদক এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন। | খ) তথ্য ক্যাডারের জন্য স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ একাডেমি স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মাহবুবা ফারজানা
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা